



জগন্নাথ বিশ্ববিদ্যালয়  
Jagannath University

জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এর ৯৮তম জন্মবার্ষিকী ও জাতীয় শিশু দিবস উপলক্ষে বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে শ্রদ্ধাঞ্জলি নিবেদন



১৭ মার্চ-২০১৮, শনিবার সকাল ৮টায় জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এর ৯৮তম জন্মবার্ষিকী ও জাতীয় শিশু দিবস উপলক্ষে বাঙালি জাতির পিতা, হাজার বছরের শ্রেষ্ঠ বাঙ্গালী এবং স্বাধীন বাংলাদেশের মহান স্থপতি বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এর প্রতিকৃতিতে (ধানমন্ডির ৩২নং সড়কস্থ) বিশ্ববিদ্যালয়ের পক্ষে শ্রদ্ধাঞ্জলি নিবেদন করেন উপাচার্য অধ্যাপক ড. মীজানুর রহমান।

এসময় বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন অনুষদের ডিন, রেজিস্ট্রার, বিভাগীয় চেয়ারম্যান, পরিচালক, প্রক্টর, শিক্ষক ও শিক্ষার্থী, কর্মকর্তা, সাংবাদিক প্রতিনিধি ও কর্মচারীবৃন্দ উপস্থিত ছিলেন।



জগন্নাথ বিশ্ববিদ্যালয়  
Jagannath University



এরপর জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের আত্মার মাগফেরাত কামনা করা হয়। এছাড়াও জগন্নাথ বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি ও বাংলাদেশ ছাত্রলীগ জগন্নাথ বিশ্ববিদ্যালয় শাখার পক্ষে পুষ্পার্ঘ্য অর্পণ করা হয়।

এদিকে, বঙ্গবন্ধুর জন্মদিন ও জাতীয় শিশু দিবস উপলক্ষে বাদ যোহর বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় জামে মসজিদে মিলাদ মাহফিল ও দোয়া অনুষ্ঠিত হবে।